



যায়বায়দিন, ১১-১০-২০২৩, পৃষ্ঠা-০৫



হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতায় ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কৃতিত্ব

ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ১৪তম হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতা, বাংলাদেশ জাতীয় রাউন্ড ২০২৩-এর রানার-আপ হওয়ার কৃতিত্ব অর্জন করেছে। আন্তর্জাতিক রেডক্রস কমিটি ও ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (আইইউবি) যৌথ আয়োজনে ৫ থেকে ৭ অক্টোবর আইইউবি ক্যাম্পাসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দল অংশগ্রহণ করে। ইস্টওয়েস্ট ইউনিভার্সিটির দলে আরকেএম রবিন আহমেদ, তানজিলা ইসলাম এবং সায়মা হক অংশ নেন। তাদের সঙ্গে কোচ হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিনিয়র লেকচারার নাদিয়া রহমান।

প্রতিযোগিতার ফাইনালে ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে হারিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। প্রতিযোগিতার ফাইনালে বিচারক হিসেবে ছিলেন হাইকোর্ট বিভাগের বিচারপতি, বিচারপতি নাইমা হায়দার এবং বিচারপতি খেজির আহমেদ চৌধুরী, সেইসঙ্গে বিগেডিয়ার জেনারেল (অব.) মুহাম্মদ সাজাদ সিদ্দিক।

উল্লেখ্য, প্রতি বছর দুটি শীর্ষ দল হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতার আন্তর্জাতিক রাউন্ডে অংশগ্রহণের যোগ্যতা অর্জন করে। ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন এই অসামান্য অর্জনের জন্য বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের দলকে অভিনন্দন জানিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি